

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং : বশিবো/কলেজ/অনু: ২০২৩/ ১৮১৮

তারিখ : ১৮.০১.২০২৩

বিষয় : কারণ দর্শানো পত্র -

বাকেরগঞ্জ ইসলামিয়া মহিলা কলেজের অধ্যক্ষ বিভিন্ন সময় বিভিন্ন আইনবহিভূত কাজের মাধ্যমে বিভিন্ন অপতৎপরতা চালানোর চেষ্টা করেছেন। ঐ সমস্ত কাজের জন্য আপনাকে কারণ দর্শানো পত্র দেয়া হলে আপনি সব সময় ক্ষমা সুন্দর দৃষ্টি প্রদান করার জন্য অনুরোধ করেছেন এবং শিক্ষাবোর্ড কতৃপক্ষ আপনাকে ক্ষমা করে আসছে। কিন্তু আপনার বর্তমানে তিনটি কাজ ক্ষমার অযোগ্য বিষয় আপনাকে নিম্নোক্ত তিনটি কাজের জন্য কেন আপনার এমপিও বন্ধের সুপারিশ করা হবে না - তার কারণ দর্শানোর জবাব পত্র জারির তারিখ থেকে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে সশরীরে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রদান করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

০১. স্বীকৃতি নবায়ন পত্রের সাথে কলেজে বিদ্যমান মোট জমির খাজনা রশিদের তারিখ ঘষামাজা করে তা পরিবর্তন করে হাল নাগাদ করার অপচেষ্টা করেছেন-

০২. ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয়ের প্রাথমিক স্বীকৃতি পত্রটি বরিশাল শিক্ষাবোর্ড থেকে প্রদান না করা সত্ত্বেও আপনি কলেজ পরিদর্শক মহোদয়ের স্বাক্ষর জাল জালিয়াতির মাধ্যমে ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয়ের একটি জাল স্বীকৃতি পত্র বের করে শিক্ষাবোর্ডে প্রদান করেছেন-

০৩. বরিশাল শিক্ষাবোর্ডের স্মারক নং - বশিবো/কলেজ/অনু:২০২১/ ২২২২, তারিখ: ১৭.১১.২০২২ এর অনুকূলে আপনি অধ্যক্ষ বাকেরগঞ্জ ইসলামিয়া মহিলা কলেজ একটি স্বীকৃতি নবায়ন পত্র তৈরী করেছেন। যে পত্রটি আপনি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বরিশাল আঞ্চলিক কাযালয়ে প্রেরণ করেছেন। সেখানে যে স্মারক নম্বরটি ব্যবহার করেছেন - তা বরিশাল শিক্ষাবোর্ডের নয়, এমনকি আপনি ঐ পত্রে কলেজ পরিদর্শক মহোদয়ের স্বাক্ষরটি স্ক্যান করে বসিয়ে দিয়েছেন- যা একটি অন্যায় এবং পাশাপাশি অপরাধমূলক অপতৎপরতা এবং আপনি তা নিজে স্বীকার করেছেন।

উল্লেখ্য, আপনার কারণ দর্শানোর পত্রের জবাব সঠিক সময় না পেলে দ্বিতীয় কোন কারণ দর্শানো ব্যতিরেকে আপনার এমপিও বন্ধের সুপারিশ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হবে।

সদয় অবগতির জন্য :-

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল আঞ্চলিক কাযালয়।
০৩. উপজেলা নিবাহী অফিসার, বাকেরগঞ্জ।
০৪. সভাপতি, সংশ্লিষ্ট কলেজের গভর্নিংবডি।

  
১৮.০১.২০২৩

ড. মো: লিয়াকত হোসেন  
কলেজপরিদর্শক,  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

অধ্যক্ষ, বাকেরগঞ্জ ইসলামিয়া মহিলা কলেজ।